

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নানিয়ারচর
রাঙামাটি পার্বত্য জেলা
www.naniarchar.rangamati.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৮৪৭৫.০০০.১২.০০১.২৩. ৮৫০

তারিখ: ৫৩.০৭.২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধৰ পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী

ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই, ২০২৩

তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস প্রাবলিক ভিউ থাকতে হবে;

খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;

গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়াভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;

ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;

ঙ) ভিডিও ধারণের ক্ষেত্রে অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;

চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;

ছ) কপি রাইট রয়েছে এমন ভিডিও বা অডিও হতে বিরত থাকতে হবে;

জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ (এক) মিনিট হতে হবে;

বা) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;

ঝ) ভিডিও'র মধ্যে প্রতিযোগির নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং

ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগ নম্বর: ০১৫৫৭৬৭৬২১৮, ই-মেইল: unonaniarchar@mopa.gov.bd

অনুরোধক্রমে,

মুহাম্মদ শাহরিয়ার মুক্তার

উপজেলা নির্বাহী অফিসার

নানিয়ারচর, রাঙামাটি পার্বত্য জেলা

E-mail: unonaniarchar@mopa.gov.bd